

অনলাইন প্রস্তুতিমূলক শ্রেণি কার্যক্রম-৫

অষ্টম শ্রেণি

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

অধ্যায়: ৬ (বাংলাদেশের অর্থনীতি)



অনুশীলন:

জ্ঞানমূলক প্রশ্ন:

১. জিডিপি কাকে বলে?
২. জিএনপি কী?
৩. মাথাপিছু আয় কাকে বলে?
৪. মানব সম্পদ কী?
৫. মানব উন্নয়ন সূচক কী?
৬. প্রবাসী আয় কাকে বলে?
৭. জাতীয় আয় কাকে বলে?
৮. মানব সম্পদ উন্নয়ন কী?

অনুধাবনমূলক প্রশ্ন:

১. জিডিপি এবং জিএনপি ধারণা দুইটি ব্যাখ্যা করো।
২. বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কোনটি? বর্ণনা দাও।
৩. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়?
৪. রেমিটেন্স কিভাবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখছে?
৫. বাংলাদেশের অর্থনীতিতে যে খাতটি দিন দিন গুরুত্বপূর্ণ হয়ে উঠছে তার বর্ণনা দাও।
৬. GNP ও GDP এর ধারণাগত পার্থক্য ব্যাখ্যা করো।
৭. মানব সম্পদ উন্নয়ন কৌশল ব্যাখ্যা করো।
৮. দক্ষিণ এশিয়ায় মানব সম্পদ উন্নয়নে বাংলাদেশের অবস্থানের তুলনা করো।





সৃজনশীল প্রশ্ন:

১। ‘প’ দেশের মোট জাতীয় আয় ৪৬ হাজার কোটি মার্কিন ডলার। মোট জনসংখ্যা ২ কোটি। দেশটির জিডিপির প্রবৃদ্ধিও হার গত ৩ বছরে ৫% থেকে ৬% এ উন্নীত হয়েছে।

ক. GDP এর পূর্ণরূপ কী?

খ. বাংলাদেশের অর্থনীতিতে যে খাতটি দিন দিন গুরুত্বপূর্ণ হয়ে উঠছে তার বর্ণনা দাও।

গ. ‘প’ দেশটির মাথাপিছু আয় কত ব্যাখ্যা করো।

ঘ. ‘প’ দেশটির অর্থনীতি কতটা কল্যাণমুখী শুধু দৃশ্যকল্পের তথ্যসমূহ তা ধারণা দিতে পারে না---
এ বিষয়ে তোমার মত বিশ্লেষণ কর।

২।

নাম	জীবিকার উৎস
মাহমুদা	দুবাই এর একটি হাসপাতালে নার্স হিসেবে কাজ করে। সে ব্যাক্সের মাধ্যমে যে টাকা দেশে পাঠায় তা দিয়ে তার ছোট ভাইবোনের লেখাপড়ার ব্যয় মেটে।
রেহানা	বাড়ির আঙিনায় সবজি ও ফলের বাগান করেছে। সংসারের কাজের অবসরে বাগানে কাজ করে। সবজি ও ফল বিক্রির অর্থ দিয়ে ছেলেমেয়ের খরচ মেটায়।

ক. মাথাপিছু আয় কী?

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়?

গ. মাহমুদার প্রেরিত অর্থকে কী বলা হয়? ব্যাখ্যা কর।

ঘ. বাংলাদেশের উন্নয়নে মাহমুদা ও রেহেনার ভূমিকা মূল্যায়ন কর।

৩।

বিষয়	পাকিস্তান	বাংলাদেশ	নেপাল
শিক্ষা প্রাপ্তিতে অসমতার শতকরা হার	৪৪.৮%	৩৮.৬%	৪১.৮%
১৫৫ টি দেশের মধ্যে অবস্থান	১২১তম	১১১তম	১০৮তম

ক. জাতীয় আয় কাকে বলে?

খ. রেমিটেন্স কিভাবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখছে?

গ. দৃশ্যকল্পটি যে বিষয় নির্দেশ করছে পাঠ্যবইয়ের আলোকে তা ব্যাখ্যা কর।

ঘ. উক্ত বিষয়ে অবস্থান উচ্চতর করতে বাংলাদেশে গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনা করো।